

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
প্রশাসন শাখা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা),  
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০  
[www.dme.gov.bd](http://www.dme.gov.bd)

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-২৪৪

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩  
০৯ জুলাই ২০২৬

### জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়: এমপিওভুক্ত বেসরকারী মাদ্রাসাসমূহের প্রতিষ্ঠান প্রধানগণের ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রতিষ্ঠান প্রধানগণের প্রেরিত তথ্যের ভিত্তিতে মেমিস সফটওয়্যারে যাচাই- বাছাই পূর্বক প্রদান করা হয়। মেমিস সফটওয়্যারের ইউজার আইডি ও পাসওয়ার্ড অত্যন্ত গুরুত্বপূর্ণ যার গোপনীয়তা রক্ষা করা প্রতিষ্ঠান প্রধানের আবশ্যিক দায়িত্ব। কোনভাবে তা অন্য কারো নিকট হস্তান্তরযোগ্য নয়।

২। এমতাবস্থায়, প্রতিষ্ঠান প্রধানের ইউজার আইডি ও পাসওয়ার্ড সর্বোচ্চ সতর্কতার সাথে সংরক্ষণ ও ব্যবহার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন অভিযোগ উত্থাপিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধিমোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
২/০৭/২০২৬

মোঃ শামিউল ইসলাম প্রামানিক  
উপ-পরিচালক (প্রশাসন)  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

### **বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১। উপজেলা মাধ্যমিক অফিসার, সকল (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত তথ্যাদি সতর্কতার সহিত যাচাই-বাছাই সম্পন্ন করার জন্য বিশেষ অনুরোধ করা হলো। বিশেষ করে নতুন এমপিও অন্তর্ভুক্তির বিষয়টিতে। কারণ নিয়োগ কমিটির আপনিও একজন সদস্য।)

২। অধ্যক্ষ/সুপার/ইবতেদায়ী প্রধান (সকল বেসরকারি এমপিওভুক্ত মাদ্রাসা)

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।